গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৮.১৪.২২৭.১৬/৩৮৩

তারিখ: ০৪ আশ্বিন, ১৪২৪ / ১৯ সেপ্টেম্বর, ২০১৭

বিষয়: সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের নিমিত্ত বন্দোবস্তকৃত জমির লিজ ডিড ও রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন সংক্রান্ত।

সূত্র ঃ জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০৮.১২.০০১.২০১৫-২৩৮৮(৪) তারিখ ঃ ১৩/০৮/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের নিমিত্ত বন্দোবস্তকৃত জমির লিজ ডিড ও রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য প্রস্তুতকৃত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে সচিব মহোদয়ের স্বাক্ষরান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ ইউনুছ মিয়া)
উপ প্রধান
ফোন : ৯৫৬৯২১৮

জেলা প্রশাসক
সুনামগঞ্জ ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, তাহিরপুর (সুনামগঞ্জ)।
৫। উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, তাহিরপুর উপজেলা কমান্ড, সুনামগঞ্জ ।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

D:\Drive (D)\Ministry 2010\Socal Opo-Zila- 2010\Letter 2010.doc

--------------------------তারিখ হইতে বলবৎ হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(রাজস্ব শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৯০০০.০০৮.১২.০০১.২০১৫ - ২৩৮৮ (৪)

তারিখ ঃ ২৯ শ্রাবণ, ১৪২৪
১৩ আগস্ট, ২০১৭

বিষয় ঃ সুনামগঞ্জ জেলায় তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য অনুমোদিত অকৃষি খাসজমির কবুলিয়ত সম্পাদন ও দলিল রেজিস্ট্রিকরণের জন্য প্রস্তুতকৃত নন- জুডিশিয়াল স্ট্যাম্প প্রেরণ।

সূত্র ঃ ১। উপজেলা ভূমি অফিস, তাহিরপুর এর ১৯/০৭/২০১৭ তারিখের ৩৭৩(২) নং স্মারক।
২। ভূমি মন্ত্রণালয়, খাসজমি-২ অধিশাখা এর ০৯/১২/২০১৫ তারিখের ৮০১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে ২ নং সূত্রস্থ স্মারক অনুযায়ী "মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মানের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব/প্রকল্প পরিচালক লিজডিড সম্পাদন করবেন" মর্মে নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য অনুমোদিত অকৃষি খাসজমি বন্দোবস্ত মোকদ্দমা নং ১১/২০১৫ অনুমোদনের প্রেক্ষিতে বন্দোবস্তকৃত ভূমির লিজডিড সম্পাদনের লক্ষ্যে প্রস্তুতকৃত নন-জুডিশিয়াল স্ট্যাম্প সদয় স্বাক্ষরের নিমিত্ত এ সাথে প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ফোন নং-০৮৭১-৬২০০০
ফ্যাক্স নং- ০৮৭১-৬১৬০২
Email-desunamganj.@gmail.com

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, সকল জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২। সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ।
৩। কমান্ডার, উপজেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

[illegible] ----------------------------তারিখ হইতে বলবৎ হইবে।

৳১০০ ৳১০০

একশত টাকা

কঢ ৩৩১৩৩৪২

অপরূপ চৌধুরী, পিএইচ.ডি
ভারপ্রাপ্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম নং-১০৮৮(গ)

অকৃষি খাস জমি দীর্ঘ মেয়াদী ফরম

(অনুচ্ছেদ নং-১০৪ দ্রষ্টব্য)

এই দীর্ঘ মেয়াদী লীজ চুক্তিপত্র রাষ্ট্রপতির পক্ষে জেলা কালেক্টর, সুনামগঞ্জ (যিনি অতঃপর লীজ দাতা বলিয়া অবহিত হইবেন)........................................................ ১মপক্ষ

এবং

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর উজলো কমান্ড, তাহিরপুর, সুনামগঞ্জ এর পক্ষে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা (যিনি অতঃপর লীজ গ্রহীতা বলে অবহিত হইবেন)------------ ২য়পক্ষ/গ্রহিতা।

এর মধ্যে অদ্য ২০১৭ খ্রিঃ এর মাসের তারিখে নিম্নোক্ত মর্মে সম্পাদিত হইয়াছে।

যেহেতু লীজ গ্রহীতা নিম্ন তপসিলে বর্ণিত অকৃষি খাস জমি প্রতিষ্ঠানের পক্ষে দীর্ঘ মেয়াদী লীজ চাহিয়া আবেদন করিয়াছেন; এবং

যেহেতু উক্ত লীজ আবেদন সরকার বিবিধ অকৃষি খাস জমি বন্দোবস্ত (মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ) মোকদ্দমা নং-১১/২০১৫ খ্রিঃ মূলে মঞ্জুর করিয়াছেন ;

সেহেতু এখন লীজ গ্রহীতা অত্র দলিলের তপসিলভূক্ত জমির সর্বমোট প্রতীকী মূল্য ১,০০১/০০ (এক হাজার এক) টাকা ধার্য হওয়ায় এবং ১০০১/০০ (এক হাজার এক) টাকা ডি, সি আর নং-৪১১১৩/১৯ তারিখ, ২১/৬/২০১৬ আদায় হওয়ায় ১ম পক্ষ নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে ৯৯((নিরানব্বই) বৎসরের জন্য দীর্ঘ মেয়াদী লীজ প্রদান করিলেন। এই লীজ ------------------------------------------তারিখ হইতে বলবৎ হইবে।

চলমানপাতা-২

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

৳১০০ ৳১০০

একশত টাকা

কঢ ৩৩১৩৩৪১

এই মর্মে সম্যক অবগত হইয়া স্বজ্ঞানে ও স্বেচ্ছায় উভয়পক্ষ উপস্থিত সাক্ষীগণের সন্মুখে উপরে বর্ণিত তারিখে এই লীজ দলিলে সীল স্বাক্ষর করিয়া সম্পাদন করিয়া দিলাম।

উপস্থিত সাক্ষীগণের নাম ঃ

কালেক্টর

(১ম পক্ষের দস্তখত)

মোঃ সাবিরুল ইসলাম
জেলা প্রশাসক
সুনামগঞ্জ

১।

২।

(২য় পক্ষের দস্তখত)

অপরূপ চৌধুরী, পিএইচ.ডি
ভারপ্রাপ্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তপসিলঃ

| | |
|---|---|
| উপজেলা | ঃ তাহিরপুর |
| সাব-রেজিস্ট্রার | ঃ তাহিরপুর |
| মৌজা | ঃ তাহিরপুর |
| জেএল নং | ঃ ১৭০ |
| খতিয়ান নং | ঃ ০১ |
| দাগ নং | ঃ ২০৪৭ |
| শ্রেণি | ঃ ছাড়া বাড়ী |
| জমির পরিমাণ | ঃ ০.১০ একর |
| চৌহদ্দিঃ | |
| উত্তর | ঃ উত্তরে সরকারি রাস্তা ও ২০৪৪নং দাগের ভূমি |
| দক্ষিণ | ঃ প্রস্তাবিত দাগের অবশিষ্ট ভূমি |
| পূর্ব | ঃ ২০৪৬নং দাগের ভূমি |
| পশ্চিম | ঃ সরকারি রাস্তা |

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

৮৭২০৮৬১

কচ

অপরূপ চৌধুরী, পিএইচ.ডি
ভারপ্রাপ্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

## শর্তাবলী ঃ

০১। এই দলিলে বর্ণিত শর্তাবলী লীজ গ্রহীতা, তাহার স্থলাভিষিক্তকারী বা প্রতিনিধির উপর সমভাবে প্রযোজ্য হইবে এবং তাহারা শর্তাবলী মান্য করিতে বাধ্য থাকিবেন।

০২। বন্দোবস্তকৃত ভূমিতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, তাহিরপুর, সুনামগঞ্জ এর ব্যবহার্য্য ভূমি পরিত্যাক্ত হইলে অথবা উক্ত প্রতিষ্ঠান কখনো বিলুপ্ত হইলে অথবা অন্যত্র স্থানান্তর হইলে অথবা মুক্তিযোদ্ধাদের ব্যবহার ব্যতিত অন্য কোনভাবে ব্যবহার করা হইলে বন্দোবস্তকৃত ভূমির মালিকানা কালেক্টর ও জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অনুকূলে অর্পিত হইবে।

০৩। লীজ গ্রহীতা লীজকৃত জমির ভূমি উন্নয়ন কর প্রচলিত হারে প্রতি বছর নিয়মিত পরিশোধ করিবেন।

০৪। এই লীজ মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকারের পূর্বানুমোদন ব্যতিরেখে এই জমি হস্তান্তর করা যাইবেনা এবং সরকারের পূর্বানুমোদনক্রমে হস্তান্তরের ক্ষেত্রে জমির বাজারমূল্যের ২৫% অর্থ সরকারকে হস্তান্তর ফিস বাবদ প্রদান করিতে হইবে।

০৫। কালেক্টরের পূর্বানুমোদন ব্যতিরেখে লীজকৃত জমি যে উদ্দেশ্যে লীজ নেয়া হয়েছে তাহা ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

০৬। লীজ গ্রহীতা এই জমি পরিচ্ছন্ন এবং জনবিরক্তিকর অবস্থা হইতে মুক্ত রাখিবেন।

০৭। লীজ গ্রহীতা এই জমির সীমানা ও আয়তন বজায় রাখিবেন এবং সীমানা পিলার/দেওয়াল দ্বারা সীমানা সংরক্ষণ করিবেন। সীমানা চিহ্ন অপসারণ করা হইলে বা হারাইয়া গেলে লীজ গ্রহীতার ব্যয়ে উহা পুনঃস্থাপন/মেরামত করা হইবে এবং ব্যয় সরকারি প্রাপ্য হিসাবে আদায় করা হইবে।

০৮। এই জমি জনস্বার্থে সরকারের প্রয়োজন হইলে কোন প্রকার ক্ষতিপূরণ ব্যতিরেখে লীজ গ্রহীতা সরকারের নিকট জমি দখল তাৎক্ষনিকভাবে প্রত্যর্পন করিবেন। স্থানীয়ভাবে সরকারের প্রয়োজন হইলে অত্র লীজ তাৎক্ষনিকভাবে বাতিল বলিয়া গণ্য হইবে এবং লীজ গ্রহীতা নির্মাণ কাজ বা উন্নয়নজনিত কাজের জন্য কালেক্টর কর্তৃক নির্ধারিত যুক্তিসংগত ক্ষতিপূরন পাইবেন। যদি আংশিক জমি স্থায়ীভাবে বা সম্পূর্ণ জমি অস্থায়ীভাবে পুনঃগ্রহণ করা হয় তবে লীজ বাতিল হইবে না এবং হারাহারিভাবে বা সম্পূর্নভাবে কর রেয়াত পাইবেন।

০৯। লীজ গ্রহীতা এই জমির উপর নির্মিতব্য ইমারতের উপর প্রচলিত নিয়মানুযায়ী যে কোন আরোপিত কর, ফিস, পৌরকর, বিদ্যুৎ বিল ইত্যাদি পরিশোধ করিবেন।

১০। লীজ দাতা এই জমির ভূগর্ভস্থ সম্পদের মালিক থাকিয়া যাইবেন এবং উক্ত খনিজ সম্পদ উত্তোলন/সংগ্রহের জন্য প্রয়োজনীয় প্রবেশ/নির্গমন পথ ও তৎসংশ্লিষ্ট অধিকার সরকার সংরক্ষণ করেন।

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

৮৭২০৮৬০

কচ

১১। সংশ্লিষ্ট পৌরসভার লিখিত অনুমিত ব্যতীত উক্ত জমিতে কোন ইমারত/পয়ঃপ্রণালী বা শৌচাগার নির্মাণ করা যাইবে না।

১২। লীজ গ্রহীতা বা তার প্রতিনিধি ২৪ ঘন্টার নোটিশে যে কোন সময়ে এই জমি এবং নির্মিত/নির্মাণাধীন ইমারত/গৃহ পরিদর্শণ বা অন্য কোন সংগত কারণে পরিদর্শনের উদ্দেশ্যে লীজ গ্রহীতা লীজ দাতা বা তাহার প্রতিনিধিকে প্রবেশাধিকার দিতে বাধ্য থাকিবেন।

১৩। এই লীজ চুক্তির কোন শর্ত ভঙ্গ করিলে বা অমান্য করিলে এই চুক্তিপত্র লীজদাতা তাৎক্ষনিকভাবে লিখিত আকারে লীজ গ্রহীতাকে অবহিত না করেই একতরফা লীজ বাতিল করিতে পারিবেন, ইহাতে লীজ গ্রহীতা কোন ক্ষতিপূরন দাবী করিতে পারিবেন না। তবে লীজ গ্রহীতাকে ডেপুটি কমিশনার কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে তাহার নির্মিত/নির্মিতব্য ইমারতাদি অপসারন করিতে দেওয়া হইবে।

১৪। এছাড়াও সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র, প্রজ্ঞাপন, নীতিমাল লীজ গ্রহীতা মেনে চলতে বাধ্য থাকিবেন এবং সময়ে সময়ে সরকার কর্তৃক যদি কোন কর ধার্য্য ও সেলামী পুনঃ ধার্য্য করা হয় তবে লীজ গ্রহীতা ধার্যকৃতব্য সময়ে বিনা ব্যর্থতায় তা পরিশোধ করতে বাধ্য থাকিবেন।

১৫। এই চুক্তির কোন শর্ত ভঙ্গ করিলে বা অমান্য করিলে এই চুক্তিপত্র বন্দোবস্ত দাতা লিখিত ভাবে এক তরফা বাতিল করিতে পারিবেন। ইহাতে বন্দোবস্ত গ্রহীতা কোনরূপ ক্ষতি পূরণ দাবী করিতে পারিবেন না। তবে গ্রহীতাকে ডেপুটি কমিশনার কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে তাহার নির্মিত ইমারতাদি অপসারণ করিতে দেওয়া হইবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

৳১০০ ৳১০০

একশত টাকা

কচ ৩৩১৩৩৪৩

অপরূপ চৌধুরী, পিএইচ.ডি
অতিরিক্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থাবর সম্পত্তির বর্ণনা দলিল নিবন্ধনের ক্ষেত্রে
দলিল দাতা বা গ্রহীতা বা নিযুক্ত অ্যাটার্নি, প্রতিনিধি বা অ্যাসাইনি প্রদত্ত হলফনামা
(দ্রষ্টব্য : পরিশিষ্ট-১, ফরম নং, অনুচ্ছেদ-২১)

হলফনামা

রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১৪২ নং আদেশ, ১৯০৮ সনের রেজিস্ট্রেশন আইন এবং ১৮৮২ সনের সম্পত্তি হস্তান্তর আইনের Section 531 অনুসারে প্রদত্ত হলফনামা

বরাবর

সাব-রেজিস্টার
তাহিরপুর, সুনামগঞ্জ।

হলফকারী/হলফকারীগণের

সচিব, মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন সচিবালয়, সংযোগ সড়ক, ঢাকা।

চুক্তি সম্পাদনের তারিখ -------------------২০১৭খ্রি.

এই মর্মে ঘোষনাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি/আমরা বাংলাদেশের নাগরিক।

আমি আমরা ঘোষণা করিতেছি যে,

(ক) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ দালিল (ট্রাইব্যুনাল) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ৯) এর অধীন ক্রোকের আওতাধীন নহে।

(খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও নিস্পত্তি) আদেশ ১৯৭২ সনের পি.ও-১৬) এর অর্ধানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে।

(গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত সম্পত্তি আপতত: বলবৎ কোন আইনের অধীন সরকারের বর্তায় নাই বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

## ৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কচ

৩৯৯১০১০

অপরূপ চৌধুরী, পিএইচ.ডি
অতিরিক্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(ঙ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং-৮) এর অনুচ্ছেদ ৫ অনুযায়ী বাতিল যোগ্য নহে: এবং

(চ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হয়েছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লিখিত সম্পত্তি হস্তান্তর করণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

আমি/আমরা আরো ঘোষণা করিতেছি যে, আমি/আমরা বর্ণিত সম্পত্তির নিরংকুশ মালিক। অন্য কোন পক্ষের সহিত এই সম্পত্তির বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও হস্তান্তর হয় নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই। দলিলে বর্ণিত সম্পত্তিতে আমরা/আমাদের বৈধ স্বত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমরা/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। তারিখ :

হালফকারী/হলফকারীগণের স্বাক্ষর

### সনাক্তকারীর ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী/হলফকারীগণ আমার পরিচিত এবং আমার সম্মুখে তিনি/তাহার দলিলে স্বাক্ষর প্রদান করিয়াছেন ( আমি তাহার বা তাহাদের বা..................নং ক্রমিকধারী হলফকারীর নাম ব-কলমে লিখিয়া দিয়াছি)।

সনাক্তকারীর স্বাক্ষর